দৈনিক
ইনকিলাব

তারিখ ... JUN. 2 3. 2006
পৃষ্ঠা 7 কলাম ৬

# শতভাগ পাস ১৪শ' স্কুলে ২১৭টিতে সবাই ফেল

ষ্টাফ রিপোর্টার

দফায় দফায় সতর্কবাণী, আর্থিক সাহায্য বন্ধ, শিক্ষক-কর্মচারীদের এমপিও স্থগিত করে দিয়েও পাবলিক পরীক্ষায় শূন্য পাস প্রতিষ্ঠানের অভিসাপমুক্ত হতে পারছে না শিক্ষা প্রশাসন। যুগ যুগের ধারাবাহিকতায় এবারও ২১৭টি স্কুল থেকে একজনও পাস করেনি। অর্থাৎ এসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থী ফেল করেছে। তবে এ সংখ্যা গত বছরের চেয়ে প্রায় অর্ধেকে নেমে এসেছে। গত বছর ১০০ ভাগ ফেল করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৪০৭টি। *৮-এর পৃঃ ৩-এর কঃ দেখুন*

## ২১৭টিতে সবাই ফেল

*প্রথম পৃষ্ঠার পর*

অপরদিকে এবার শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে এক হাজার ৪২৫টি। যা গত বছরের তুলনায় প্রায় ৩ গুণ বেশী। অর্থাৎ গত বছর ১০০ ভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৫৩৬টি।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক গতকাল সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলেছেন, যেসব প্রতিষ্ঠান থেকে পর পর ৩ বছর একজনও পাস করেনি সেসব প্রতিষ্ঠানের অধিকাংশের এমপিও স্থগিত করে দেয়া হয়েছে। আবার মামলার কারণে অনেক প্রতিষ্ঠানের এমপিও বন্ধ করা যাচ্ছে না। এ পর্যন্ত তিরস্কার হিসেবে প্রায় ৪শ' শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও স্থগিত করা হয়েছে বলেও মন্ত্রী জানান।